মোড়ে মোড়ে টানানো হবে ধর্ষকদের নাম ও ছবি!

চেম্বার ডেস্ক:: নারী নির্যাতনকারী ও হয়রানির সঙ্গে যুক্ত ব্যক্তিদের নাম ও পোস্টার রাজ্যের সর্বত্র সাঁটানোর নির্দেশ দিয়েছেন ভারতের উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ।

লকডাউনের আগে কিংবা পরে উত্তরপ্রদেশে নারী নির্যাতন, ইভটিজিংয়ের ঘটনা সামনে এসেছে বহুবার। সেই সমস্ত ঘটনা রুখতে এবার ভিন্নরকম সিদ্ধান্ত নিল যোগী প্রশাসন।

বৃহস্পতিবার নারী নির্যাতনকারী ও হয়রানির সঙ্গে যুক্ত ব্যক্তিদের নাম ও পোস্টার রাজ্যের সর্বত্র সাঁটানোর নির্দেশ দিলেন উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ।

সরকারি তরফে একটি বিবৃতি প্রকাশ করে বলা হয়েছে, “মুখ্যমন্ত্রী নির্দেশ দিয়েছেন নারী, যুবতী এবং শিশুদের শ্লীলতাহানিতে জড়িত অপরাধীদের, ইভটিজিং মামলায় অভিযুক্তদের পোস্টারগুলো রাস্তার মোড় এবং প্রকাশ্য স্থানে সাঁটানো হবে। এর মাধ্যমে ইভটিজারদের নাম ও ছবি সবাই জানতে পারবে। সুরক্ষার ক্ষেত্রে অনেকটাই সাহায্য করবে।”

এদিন সকালে যোগীর কানপুরে যাওয়ার সময় এমন একটি ঘটনা তার নজরে আসে। যেখানে ২১ বছর বয়সী এক দলিত মহিলাকে দু’জন যুবক শ্লীলতাহানির চেষ্টা করে বলে অভিযোগ করা হয়েছিল। এরপরই এই নির্দেশনা জারি করা হয়। শ্লীলতাহানি ও অপরাধমূলক ভয় দেখানো এবং হত্যার চেষ্টার অভিযোগে মামলা দায়ের করা হয় দুজন অভিযুক্তের বিরুদ্ধে। তাদের গ্রেফতারও করে উত্তরপ্রদেশের পুলিশ। এই দু’জনের বিরুদ্ধে এসসি / এসটি (অত্যাচার প্রতিরোধ) আইনের কয়েকটি ধারায়ও এফআইআরে রাখা হয়েছে।

সরকারের জারি করা বিবৃতিতে আরও বলা হয়েছে যে মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ প্রত্যেক জেলায় পুলিশকে রোহিঙ্গাবিরোধী স্কোয়াডের মতো নারীদের সুরক্ষার জন্য কাজ চালিয়ে যাওয়ার নির্দেশনা দিয়েছেন। সেখানে স্পষ্ট জানানো হয়েছে, কোনো অঞ্চলে নারীদের বিরুদ্ধে অপরাধের ঘটনা ঘটলে পুলিশ ফাঁড়ির ইনচার্জ, থানার ইনচার্জ এবং সংশ্লিষ্ট সার্কেল অফিসারকে দায়ী করা হবে।